রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, জানুয়ারি ১৩, ২০২৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**অর্থ মন্ত্রণালয়**
**আর্থিক প্রতিষ্ঠান বিভাগ**
**বীমা শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৮ পৌষ, ১৪৩২ বঙ্গাব্দ/ ১২ জানুয়ারি, ২০২৬ খ্রিষ্টাব্দ

**এস.আর.ও. নং ১৪-আইন/২০২৬।**—বীমা আইন, ২০১০ (২০১০ সনের ১৩ নং আইন) এর ধারা ১৪৬, ধারা ৬২ এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, লাইফ ইন্স্যুরেন্স ব্যবসায় ব্যবস্থাপনা ব্যয়ের সর্বোচ্চ সীমা নির্ধারণী বিধিমালা, ২০২০ এর নিম্নরূপ সংশোধন করিল, যথা:—

উপরি-উক্ত বিধিমালার বিধি ৩ এর পর নিম্নরূপ নূতন বিধি ৪ সংযোজিত হইবে, যথা:—

"৪। **প্রধান কার্যালয়ের ব্যয়ের সীমা।**—বীমাকারীর মূল ব্যবসাস্থল বাংলাদেশের বাহিরে থাকিলে প্রধান কার্যালয়ের ব্যয় বীমাকারীর লাইফ ইন্স্যুরেন্স ব্যবসায় সংশ্লিষ্ট বৎসরের নীট প্রিমিয়াম আয়ের সর্বোচ্চ ৩% (তিন শতাংশ) পর্যন্ত করা যাইবে:

তবে শর্ত থাকে যে, এই বিধির অধীন প্রধান কার্যালয়ের ব্যয়ের সীমা বিধি ৩ এ নির্ধারিত ব্যয় সীমার অন্তর্ভুক্ত হইবে এবং কোনো অবস্থাতেই উক্ত ব্যয় সীমার অতিরিক্ত হিসাবে গণ্য হইবে না:

আরও শর্ত থাকে যে, এই বিধির অধীন প্রধান কার্যালয়ের ব্যয় বাবদ কোনো অর্থ বাংলাদেশের বাহিরে প্রেরণের পূর্বে কর্তৃপক্ষের পূর্বানুমোদন গ্রহণ করিতে হইবে।"।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ইফতেখাইরুল করিম**
উপসচিব।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd



মূল্য : টাকা ৪.০০